

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে মিছিল-মিটিং ও পোস্টারিং নিষিদ্ধ

কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে সব ধরনের  
মিছিল-মিটিং, সভা-সমাবেশ,  
পোস্টারিং ও শোডাউন নিষিদ্ধ করা  
হয়েছে। সোমবার কুমিল্লা বিশ্ব-  
বিদ্যালয়ের প্রক্টরিয়াল বড়ির এক  
জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।  
সভায় সভাপতিত্ব করেন বিশ্ব-  
বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ  
এইচ এম জেহাদুল করিম। মঙ্গলবার  
বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. আবু  
জাফর মিছিল : পৃষ্ঠা ২ কলাম ৩

## মিছিল : কুমিল্লা

(প্রথম পৃষ্ঠার পর)

স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য  
জানানো হয়েছে।  
প্রক্টরিয়াল বড়ি সূত্র জানায়, রাজনীতি  
ও ধর্মপানমুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে  
ঘোষিত হওয়ার পরও সন্ত্রাসি বিভিন্ন  
সামাজিক-সাংস্কৃতিক সংগঠন ও  
ক্রাবের নামে রাজনৈতিক ছাত্র  
সংগঠনগুলোর তৎপরতা চালানো এবং  
পরিবেশ উত্তপ্ত ও বিশৃঙ্খল করার  
অপচেষ্টা বন্ধের জন্যই এ সিদ্ধান্ত নেয়া  
হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো  
হয়, যে কোনো ক্রাব ও সংগঠনের  
ব্যানারে ক্লাসে ত্রিফিং করা,  
ছাত্রছাত্রীদের প্ররোচনা দেয়া, বিক্ষোভ  
কর্মসূচি, দেয়াল লিখন, ফেম্টুন  
টানানো সম্পূর্ণ নিষিদ্ধ। এছাড়া

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ধুমপানও  
নিষিদ্ধ করা হয়। এতে আরো বলা  
হয়, যে কোনো শান্তিপূর্ণ কার্যক্রম,  
সেমিনার, শিক্ষামূলক কার্যক্রম করতে  
হলে সাতদিন আগে প্রক্টরিয়াল বড়ির  
কাছ থেকে অনুমতি নিতে হবে। আর  
যে কোনো সামাজিক-সাংস্কৃতিক  
সংগঠন, স্পোর্টস ক্লাব,  
ছাত্রকল্যাণমূলক সংগঠনের কার্যক্রম  
চালাতে হলে আগামী সাতদিনের মধ্যে  
মেনুফেস্টো প্রক্টরিয়াল বড়ির কাছে  
জমা দিতে হবে।

প্রক্টর ড. মো. আবু জাফর বলেন,  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার  
পরিবেশ নিশ্চিত করতে এবং সব  
ধরনের বিশৃঙ্খলামুক্ত ক্যাম্পাস গঠনের  
জন্যই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।